সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৬৫ তারিখঃ ০৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ভিত্তিতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিভিন্ন বিধি ভঙ্গের অভিযোগ প্রমাণিত হওয়ায় তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক ফান্ডগুলোর পরিচালনার বিভিন্ন দায়িত্বে নিয়োজিত থাকা বিভিন্ন পক্ষের বিরুদ্ধে কমিশন কর্তৃক নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক সম্পদ ব্যবস্থাপক কোম্পানী ইউনিভার্সাল ফিন্যান্সিয়াল সলিউশনস লিমিটেড-এর নিবন্ধন সনদ কেন বাতিল হবে না এ মর্মে নোটিশ জারি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২. জালিয়াতিপূর্বক অর্থ আত্মসাতের সাথে সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক কোম্পানী ইউনিভার্সাল ফিন্যান্সিয়াল সলিউশনস লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ হামজা আলমগীর ও তার সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান, উক্ত কোম্পানীর পরিচালক, সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ মোতাবেক মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. ফান্ডসমূহের ট্রাস্টি হিসেবে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ মোতাবেক সম্পদ ব্যবস্থাপক কোম্পানী এর পরিচালকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ তথা সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে পাচারকৃত তহবিল, অপরাধলব্ধ আয়, অবৈধ ব্যয় তথা অনাদায়কৃত অর্থ পুনরুদ্ধার/ পুনর্ভরণ করার নিমিত্তে বিশেষ নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪. ফান্ডসমূহের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে দায়িত্ব পালনে ব্যর্থতার দায়ে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি)-র ট্রাস্টি এবং কাস্টডিয়ান বিভাগে তৎকালীন কর্মরত কর্মকর্তাগণকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন শাস্তি আরোপ করা হবে না এ মর্মে নোটিশ জারি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. অনিয়মকৃত ০৪ টি ফান্ডের বিধিবদ্ধ নিরীক্ষা ফার্ম আহমেদ জাকের অ্যান্ড কোং, রহমান মোস্তফা আলম অ্যান্ড কোং এবং সংশ্লিষ্ট নিরীক্ষকগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত প্রতিবেদনটি ফিন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়টি সুরাহা না হওয়া পর্যন্ত উভয় নিরীক্ষা ফার্মকে এবং এর সকল অংশীদারকে পুঁজিবাজারের তালিকাভুক্ত সকল কোম্পানী, সকল ধরনের সমন্বিত বিনিয়োগ স্কীম(যথাঃ মিউচ্যুয়াল ফান্ড, অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড ও এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড) এবং পুঁজিবাজার মধ্যস্থতাকারী সকল প্রতিষ্ঠানের অডিট ও অ্যাসিউর‍্যান্স কার্যক্রম পরিচালনার উপর নিষেধাজ্ঞা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র